

বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান

জিরানী, সাভার, ঢাকা।

www.bksp.gov.bd

স্মারক নং- ৩৪.০৪.০০০০.০০০.০০১.১৮.০৭৬১.১৬-৬৪

তারিখঃ ২০ অশ্বিন, ১৪৩৩ বঙ্গাব্দ।
০৬ অক্টোবর, ২০২৬ খ্রিষ্টাব্দ।

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের (বিকেএসপি) রাজস্ব খাতভূক্ত 'পেশ ইমাম' পদে জনবল নিয়োগের নিমিত্তে লিখিত পরীক্ষা আগামী ১৪ অক্টোবর ২০২৬ তারিখ ১৪:০০ ঘটিকায় বিকেএসপির ক্রীড়া কলেজে অনুষ্ঠিত হবে।

০২। পরীক্ষার্থীদের নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালন করার জন্য অনুরোধ করা হলো:

- ক) লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার জন্য প্রবেশপত্রটি অবশ্যই সঙ্গে আনতে হবে। ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার জন্য পৃথক কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না;
- খ) পরীক্ষা শুরু হওয়ার ৩০ মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে এবং পরীক্ষা সমাপ্ত না হওয়া পর্যন্ত কক্ষ ত্যাগ করা যাবে না। পরীক্ষার্থীকে অবশ্যই তার নির্ধারিত আসনে বসতে হবে;
- গ) পরীক্ষা কেন্দ্রে প্রবেশের সময় কোনো ধরনের ইলেক্ট্রনিক ডিভাইস (যেমন: ক্ষুদ্রাকৃতির ব্লুটুথ ডিভাইস, মোবাইল ফোন, ক্যালকুলেটর, ডিজিটাল হাতঘড়ি ইত্যাদি), বই-পুস্তক, ক্যালকুলেটর, ব্যাগ ইত্যাদি আনা যাবে না;
- ঘ) পরীক্ষা চলাকালে কোনো প্রকার অসদাচরণ অথবা অসদুপায় অবলম্বন করলে প্রার্থীর উত্তরপত্র বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;
- ঙ) আবেদনপত্রের ছবি/স্বাক্ষরের সঙ্গে কোনো পরীক্ষার্থীর চেহারা/স্বাক্ষরের মিল না থাকলে তার পরীক্ষা গ্রহণ করা হবে না;
- চ) পরীক্ষার্থীকে কালো বল পয়েন্ট কলম ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার নিষিদ্ধ;
- ছ) ব্যবহৃত প্রশ্নপত্র খাতার সঙ্গে অবশ্যই জমা দিতে হবে;
- জ) পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে অবস্থানকালে অবশ্যই উভয় কান উন্মুক্ত রাখতে হবে;
- ঝ) পরীক্ষা সংক্রান্ত তথ্য এবং ফলাফল বিকেএসপি'র ওয়েবসাইটে (www.bksp.gov.bd) প্রকাশ করা হবে।
- ঞ) লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষার জন্য কোনো প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না;
- ট) কর্তৃপক্ষ নিয়োগ সংক্রান্ত যেকোনো সিদ্ধান্ত গ্রহণ/পরিবর্তনের অধিকার সংরক্ষণ করে।

০৬/১০/২৬

মোঃ হুগিঃ হোসেন

উপপরিচালক (প্রশাসন)

এবং সদস্য-সচিব, ৩য় ও ৪র্থ শ্রেণির

কর্মচারী নিয়োগ ও পদোন্নতি কমিটি, বিকেএসপি।